# ন্যাশনাল ব্যাংক পিএলসি

## প্রগতি সরণী শাখা, ঢাকা

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি

### অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক সনদ প্রাপ্ত

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ন্যাশনাল ব্যাংক পিএলসি, প্রগতি সরণী শাখা ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান জুলফিকার ফ্যাশান লিঃ এর ব্যবস্থাপণা পরিচালক শেখ আতিয়ার রহমান (দিপু) ঠিকানা ঃ প্লট নং-৩, ব্লক নং- ডি, আরিফাবাদ হউসিং সোসাইটি, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬ এর নিকট ৩১-০৮-২০২৬ তারিখ পর্যন্ত ব্যাংকের অনাদায়ী মোট পাওনা টাকা ৩৬,০৬,০৬,২১১.০৫ (ছত্রিশ কোটি ছয় লক্ষ ছয় হাজার দুই শত এগার টাকা পাঁচ পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি উহার উপর নির্মিত ইমারতাদি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে দরপত্র আহবান করা যাইতেছে।

**শর্তাবলী**

১। প্রত্যেক দরদাতা অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, জাতীয় পরিচয় পত্র নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখিয়া দাখিল করিতে হইবে।

২। দরপত্র আগামী ১৩-১০-২০২৬ তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকের নিম্ন ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐদিনই অপরাহ্ন ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ব্যাংক কর্তৃপক্ষ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪। অনুর্ধ্ব ১০,০০,০০০.০০(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০.০০(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৫। নিম্ন বর্ণিত তফসিলের মধ্যে এক বা ততোধিক তফসিলের সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাইবে। তবে, কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দাখিলকৃত দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৬। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৮। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৯। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগন বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## Schedules

District Dhaka, Police Station-Savar, JL No. CS-692, SA-207, RS-194 Mouja-Sadhapur.

| Sl No. | Khatian No. | Plot No. | Area of land | Butted and bounded by |
|---|---|---|---|---|
| 01 | CS - 353, 4/480, 11, 14, 161, 166, 136, S.A-353, 75, 335, 86, 355, RS-678, 782, 694 Mutation -5065 | CS & SA- 202/229, 195, 195, 202/1001, 223, RS-399 | 218.00 decimal | On the North; Mr. Anwar Hossain Litu, On the South-Papiya, On the East- Papiya & others, On the West- Pacca Road. |
| 02 | CS- 353, 4/480, 11, 14, 161, 166, 136, SA-353, 75, 335, 86, 355, RS-678, 782, 694 Mutation-5065 | CS & SA- 202/229, 195, 195, 202/1001, 223, R.S-899 | 75.00 decimal | On the North- Mr. Anwar Hossain Litu & others, On the South-Plot No.900, On the East-Plot No.225,228, On the West- Mr.Dipu. |
| 03 | CS- 353, 4/480, 11, 14, 161, 166, 136, SA -353, 75, 335, 86, 355 RS- 678, 782, 694 | CS & SA-202/229, 195, 195, 202/1001, 223 R.S-397, Mutation - 5065 | 185.00 decimal | On the North- Mr. Anwar Hossain Litu, On the South-Mr. Anwar Hossain Litu, On the East-Papiya & others, On the West-Road. |
| 04 | CS- 353, 4/480, 11,14, 161, 166, 136, SA-353, 75, 335, 86, 355, RS-. 678, 782, 694 | CS & SA-.202/229, 195, 195, 202/1001, 223, R.S-371, Mutation -5065 | 26.00 decimal | On the North- Mr. Anwar Hossain Litu, On the South-Khamar Bari, On the East-Plot-370, On the West-Plot No-368. |
| 05 | CS-353, 4/480, 11, 14,161, 166, 136, S.A-353, 75, 335, 86, 355, R.S-678, 782, 694 | CS & SA- 202/229, 195, 195, 202/1001, 223, R.S-372, Mutation -5065 | 25.00 decimal | On the North-Mr. Anwar Hossain Litu, On the South-Khamar Bari, On the East-Papiya & others On the West-Road, |

ব্যবস্থাপক
ন্যাশনাল ব্যাংক পিএলসি, প্রগতি সরণী শাখা
ক/২১৬, কুড়িল, বাড্ডা, ঢাকা